

২১ আগস্ট ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

রাজধানীর হাতিরঝিল থানা হেফাজতে মৃত্যুর ঘটনায় উদ্বেগ প্রকাশ করছে ব্লাস্ট

রাজধানীর হাতিরঝিল থানা হেফাজতে থাকা জনৈক সুমন শেখ (২৫) এর মৃত্যুর ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করছে ব্লাস্ট।

গণমাধ্যমে প্রকাশিত তথ্য অনুযায়ী, গতকাল ২০ আগস্ট ২০২২ তারিখ রাজধানীর হাতিরঝিল থানা হেফাজতে সুমন শেখ নামে এক যুবকের মৃত্যু হয়েছে। পুলিশের দাবি, ১৯ আগস্ট রাত ৩টার দিকে তিনি আত্মহত্যা করেছেন। অন্যদিকে সুমনের স্ত্রী'র দাবি সুমনকে নির্যাতন করে হত্যা করা হয়েছে। 'সুমনকে পিটিয়ে হত্যা করা হয়েছে' দাবি করে থানার সামনে বিক্ষোভ করছেন তার পরিবার ও স্বজনরা।

এ ঘটনায় ইতোমধ্যে দুই পুলিশ সদস্যকে সাময়িক বরখাস্ত করা হয়েছে এবং একইসাথে তেজগাঁও বিভাগের অতিরিক্ত উপপুলিশ কমিশনার (এডিসি) হাফিজ আল ফারুককে প্রধান করে ৩ সদস্যের একটি তদন্ত কমিটি করা হয়েছে। ৭ কর্মদিবসের মধ্যে তদন্তের প্রতিবেদন জমা দিতে নির্দেশ দেয়া হয়েছে। সুমনের মরদেহ ময়নাতদন্তের জন্য সোহরাওয়ার্দী মেডিকেল প্যাঠানো হয়েছে।

উল্লেখ্য যে, পুলিশ হেফাজতে নির্যাতন সংবিধানের ২৭, ৩১ ও ৩৫ (৫) অনুচ্ছেদসমূহের সুস্পষ্ট লঙ্ঘন। আইন শৃঙ্খলা বাহিনীসহ যে কোন সরকারী কর্মকর্তার হেফাজতে নির্যাতন ও মৃত্যু সংক্রান্ত অপরাধ বিচারের লক্ষ্যে ২০১৩ সালে 'নির্যাতন ও হেফাজতে মৃত্যু (নিবারণ) আইন ২০১৩' প্রণয়ন করা হয়। এ আইনের ১৫(২) ধারায় সুস্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে, 'কোনো ব্যক্তি অন্য কোন ব্যক্তিকে যদি নির্যাতন করেন এবং উক্ত নির্যাতনের ফলে উক্ত ব্যক্তি যদি মৃত্যুবরণ করেন তাহা হইলে নির্যাতনকারী এ আইনের ধারা ১৩ এর উপ-ধারা (১) অনুযায়ী অপরাধ করিয়াছেন বলিয়া গণ্য হইবে এবং তজ্জন্য তিনি অন্যান্য যাবজ্জীবন সশ্রম কারাদন্ড অথবা অন্যান্য এক লক্ষ টাকা অর্থদন্ড বা উভয় দন্ডে দন্ডিত হইবেন এবং উহার অতিরিক্ত দুই লক্ষ টাকা ক্ষতিগ্রস্ত/সংক্ষুদ্ধ ব্যক্তি/ব্যক্তিদেরকে ক্ষতিপূরণ প্রদান করিবেন।'

এছাড়াও ২০১৮ সালে ফৌজদারী কার্যবিধি ৫৪ ও ১৬৭ ধারায় গ্রেফতার ও রিমান্ডের ক্ষেত্রে মহামান্য সুপ্রীম কোর্ট বেশ কিছু সুস্পষ্ট নির্দেশনা দিয়েছেন এবং তা বাস্তবায়ন ও প্রয়োগের নির্দেশ দিয়েছেন। নির্দেশনা অনুযায়ী আসামীকে জিজ্ঞাসাবাদের পূর্বে ও পরে ডাক্তারী পরীক্ষা করা, আইনজীবী ও নিকটাত্মীয়ের দৃষ্টিসীমার মধ্যে কাঁচের কক্ষে জিজ্ঞাসাবাদ করা সহ বিভিন্ন বিষয় অবশ্য পালন করতে হবে।

ব্লাস্ট ফৌজদারী কার্যবিধি ৫৪ ও ১৬৭ ধারা সংক্রান্ত মহামান্য হাইকোর্টের নির্দেশনা এবং হেফাজতে মৃত্যু নিবারণ আইন ২০১৩ এর সুষ্ঠু বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জোর দাবী জানাচ্ছে এবং একইসাথে পুলিশ হেফাজতে থাকাবস্থায় সুমন হত্যাকাণ্ড ঘটনার সুষ্ঠু তদন্ত এবং অভিযুক্ত ও দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্য যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছে।

আরও তথ্যের জন্য:

communication@blast.org.bd